

## ৬২ শিক্ষার্থীর জন্য শিক্ষক মাত্র একজন : ভাণ্ডারিয়া উত্তর জুনিয়া প্রাথমিক বিদ্যালয়

আবু জুবায়ের উজ্জল টাঙ্গাইল সদর

৩ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২ নভেম্বর ২০১৯ ২৩:৩০

পিরোজপুরের ভা-রিয়া উপজেলার একটি সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে একজন শিক্ষক দিয়ে পাঠদান চলছে। বিদ্যালয়টি উপজেলার তেলিখালী ইউনিয়নের জুনিয়া গ্রামে অবস্থিত উত্তর জুনিয়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়। শিক্ষক চেয়ে বিদ্যালয়টির কোমলমতি শিক্ষার্থীরা সম্প্রতি মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করে।

এলাকাবাসীর অভিযোগ, উত্তর জুনিয়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় এক বছর ধরে মাত্র একজন শিক্ষক দিয়ে ৬২ জন শিক্ষার্থীর পাঠদান চলছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে একাধিকবার অবহিত করা হলেও কোনো সুফল মেলেনি। গত আগস্টের মাঝামাঝি উপজেলার মধ্য বোথলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পুলককে এই বিদ্যালয়ে ডেপুটেশনে নিয়োগ দিলেও তিনি নিয়মিত ক্লাস নিচ্ছেন না।

শিক্ষার্থী ও অভিভাবকরা আরও অভিযোগ করেন, উত্তর জুনিয়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তাসলিমা আক্তার থাকেন পিরোজপুরে। তিনি নিয়মিত বিদ্যালয়ে আসেন না। মাঝেমাঝে তার স্বামী জনৈক শাহ আলম তার (স্ত্রী) পরিবর্তে এসে ক্লাস নেন। প্রতি মাসে অন্তত সাত দিন শিক্ষকশূন্য থাকে এ বিদ্যালয়টি। অভিভাবকদের প্রশ্ন- এভাবে বিদ্যালয় চললে সন্তানরা পড়ালেখা করবে কীভাবে?

advertisement

এ ব্যাপারে ভা-রিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. জালাল উদ্দিন জানান, উত্তর জুনিয়া আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকস্বল্পতার বিষয়টি গুরুত্বসহকারে দেখা হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জেহের আলী জানান, এ বিদ্যালয়ের অনিয়মের বিষয়গুলো এতদিন তার জানা ছিল না। যত দ্রুত সম্ভব শিক্ষকস্বল্পতা পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।